NOV. 29 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

দৈনিক জনকণ্ঠ

# বুয়েটে প্রোভিসি নিয়োগ আটকে আছে

**বুয়েট রিপোর্টার ॥** বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রো-ভিসি নিয়োগের বিষয়টি আটকে আছে গত কয়েক মাস যাবত। সব রকম আইনী ও দাফতরিক কাজ সমাপ্ত নিয়োগটি স্থগিত রেখেছিল গত তত্ত্বাবধায়ক সরকার। কিন্তু নতুন সরকার গঠনের পর দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি, প্রোভিসি নিয়োগ হলেও বুয়েটের প্রো-ভিসি নিয়োগ এখনও জটিলতামুক্ত হতে পারেনি। দেশের অন্যান্য সরকারী বিশ্ববিদ্যালয়ের সাথে সামঞ্জস্য রেখে প্রশাসনিক কাজ গতিশীল করার লক্ষ্যে বুয়েটে প্রো-ভিসি পদ সৃষ্টির সিদ্ধান্ত নিয়েছিল গত সরকার। সে লক্ষ্যে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধন, সংসদে আইন পাসসহ সব কাজ সমাপ্ত হয়েছিল। বাকি ছিল শুধু প্রো-ভিসি পদে মনোনীত ব্যক্তির নিয়োগে চ্যান্সেলরের স্বাক্ষর। ক্ষমতা ত্যাগের কারণে শেষ সময়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিয়োগটিতে স্বাক্ষর করতে পারেননি। পরবর্তীতে তত্ত্বাবধায়ক সরকার নিয়োগটি অনুমোদন না করে আটকে দেন। বুয়েটের প্রো-ভিসি পদে নিয়োগের জন্য মনোনীত করা হয়েছিল যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. দীপক কান্তি দাসকে। দক্ষ প্রশাসিক হিসাবে তাঁর নিয়োগ ছিল বুয়েটের শিক্ষক সমর্থিত।